ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৪০

আগরতলা, ১৩ আগস্ট, ২০২৫

**বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে ১৫ আগস্ট**
**আগরতলায় স্বাধীনতা দিবস পালন করা হবে**

আগামী ১৫ আগস্ট সারা রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৯তম স্বাধীনতা দিবস পালন করা হবে। আগরতলায় স্বাধীনতা দিবস পালনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আসাম রাইফেলস ময়দানে। ঐদিন সকাল ৯টা ১০ মিনিটে আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন ও অভিবাদন গ্রহণ করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এর পর মুখ্যমন্ত্রী সেলামী প্যারেড পরিদর্শন করবেন এবং সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট আধিকারিকদের পদক প্রদান করবেন। বন বিভাগের আধিকারিক ও কর্মীদেরও মুখ্যমন্ত্রী পুরস্কৃত করবেন। ৯টা ৫০ মিনিটে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন। সকাল সাড়ে দশদায় আসাম রাইফেলস ময়দানে পিটি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

স্বাধীনতা দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামীকাল হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। আয়োজন করা হয়েছে সারা দিনব্যাপী শহর পরিচ্ছন্নতা কার্যক্রমের। আগামীকাল সকাল ৬টায় অনুষ্ঠিত হবে মহিলাদের জন্য ৩ কিলোমিটার ও পুরুষদের জন্য ৫ কিলোমিটার ওপেন ক্রসক্রান্টি্র প্রতিযোগিতা। উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে ক্রসক্রান্টি্র দৌড় শুরু হবে। ১৫ আগস্ট স্বাধীনতা দিবস পালন অনুষ্ঠান শুরু হবে প্রভাতফেরীর মধ্য দিয়ে। সকাল ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা প্রভাতফেরীতে অংশ নেবে এবং আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। সূর্যোদয়ের পর বিভিন্ন বাসভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৭টায় নতুন মহাকরণে সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে সকাল ৭টায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এদিন সকাল ৮টায় সার্কিটহাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মাগান্ধীর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। সকাল ৮টা ১৫ মিনিটে রাজ্যপাল গান্ধীঘাটস্থিত গান্ধীবেদিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করবেন। এর পর রাজ্যপাল ৮টা ৩৫ মিনিটে এলবার্টি এক্কা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করবেন। এদিন সন্ধ্যা ৫টায় আগরতলা টাউনহলে অনুষ্ঠিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। সন্ধ্যা ৬টায় নতুন রাজভবনে আয়োজন করা হয়েছে এটহোম অনুষ্ঠানের।

*******